# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**BANGLADESH WATER DEVELOPMENT BOARD**

পরিচালকের কার্যালয়
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর
রহমান চেম্বার (১০ম তলা)
১২-১৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৯৫৮৮৪৫৮, ৯৫৫০৯৩৭ (ফ্যাক্স)।
ই-মেইলঃ dir.staff.bwdb@gmail.com

www.bwdb.gov.bd

Office of the Director
Directorate of Staff Development
Rahman Chamber (9th Floor),
12-13 Motijheel C/A, Dhaka-1000.
Phone : 9588458, 9550937 (Fax).
E-mail : dir.staff.bwdb@gmail.com

স্মারক নং- ৪২.০১.০০০০.৩০.১১.০০৩.২০১৮-৭৮০

তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ ১৪২৬বঃ
২৮-০৫-২০১৯ খ্রীঃ

## "দপ্তরাদেশ"

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের রাজস্বখাতভূক্ত **সহকারী প্রোগ্রামার** পদে নিম্নলিখিত প্রার্থীগণকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ৯ম গ্রেডে সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হলো। নিয়োগপ্রাপ্তদের নামের পার্শ্বে বর্ণিত দপ্তরে যোগদানের নির্দেশ প্রদান করা হলো।

| ক্রঃ নং | নাম | পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | যে দপ্তরে কর্ম নিয়োগ করা হলো |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | রাফসান জানি রাব্বি<br>জন্ম তারিখঃ ১৯/০২/১৯৯২ | মোঃ বেলায়েত হোসেন<br>খাদিজা বেগম | বাসাঃ ৩৬, রোডঃ ১, ব্লক-ই, বনশ্রী<br>ডাকঘরঃ খিলগাঁও<br>থানাঃ রামপুরা<br>জেলাঃ ঢাকা | জরীপ ও সমীক্ষা বিভাগ<br>বাপাউবো, গ্রীণ রোড, ঢাকা।<br><br>**প্রেষণেঃ** কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, মতিঝিল, ঢাকা (প্রেষণে কর্মরত দপ্তর হতে বেতন-ভাতা পরিশোধ হবে)। |
| ২। | সুমন মজুমদার<br>জন্ম তারিখঃ ২৪/০১/১৯৯৩ | বিমল কৃষ্ণ মজুমদার<br>শোভা মজুমদার | গ্রামঃ তালবুনিয়া<br>ডাকঘরঃ ইসলামগঞ্জ<br>উপজেলাঃ রামপাল<br>জেলাঃ বাগেরহাট | সেন্ট্রাল আইসিটি সেল<br>চীফ মনিটরিং এর দপ্তর<br>বাপাউবো, মতিঝিল, ঢাকা। |
| ৩। | সমিত কুমার দাস<br>জন্ম তারিখঃ ১৬/১১/১৯৯০ | শ্রীহরি দাস<br>সবিতা রানী দাস | গ্রামঃ পশ্চিম বাঘড়া<br>ডাকঘরঃ বাঘড়া<br>উপজেলাঃ শ্রীনগর<br>জেলাঃ মুন্সিগঞ্জ | সেন্ট্রাল জিআইএস ইউনিট<br>চীফ মনিটরিং এর দপ্তর<br>বাপাউবো, মতিঝিল, ঢাকা। |
| ৪। | সৌরভ কুমার মন্ডল<br>জন্ম তারিখঃ ২৬/০১/১৯৯৫ | শতদল কুমার মন্ডল<br>দেবী রানী কুন্ডু | গ্রামঃ মাষ্টারপাড়া<br>ডাকঘরঃ জয়পুরহাট<br>উপজেলাঃ জয়পুরহাট সদর<br>জেলাঃ জয়পুরহাট | বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র<br>বাপাউবো, মতিঝিল, ঢাকা।<br><br>**প্রেষণেঃ** সেন্ট্রাল আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর (প্রেষণে কর্মরত দপ্তর হতে বেতন-ভাতা পরিশোধ হবে)। |

### ০২। নিয়োগের শর্তাবলীঃ

(ক) অত্র দপ্তর স্মারক নং-৫৪৮-পাউবো(কউ)/আরই-১/২০১৮; তারিখঃ ২৫-০৬-২০১৮ মোতাবেক প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে এ নিয়োগাদেশ জারী করা হলো।

(খ) নিয়োগ প্রাপ্তগণের চাকুরী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চাকুরী প্রবিধানমালা-২০১৩ এবং সময় সময় বাংলাদেশ সরকার ও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

(গ) নিয়োগপ্রাপ্তগণ জাতীয় বেতন স্কেল-২০১৫ এর ৯ম গ্রেডে টাকা ২২০০০-৫৩০৬০ এবং বিধি মোতাবেক সরকার প্রদত্ত অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

(ঘ) চাকুরীতে যোগদানের সময় নিয়োগ প্রাপ্তগণকে বোর্ডের নির্ধারিত ফরমে স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ দাখিল করতে হবে। এছাড়াও, যে কোন জেলার সিভিল সার্জন প্রদত্ত শারীরিক সুস্থতার স্বপক্ষে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। তাছাড়াও, যে কোন সরকারী হাসপাতাল হতে সংগৃহীত প্রার্থীর মাদকাসক্ততা সংক্রান্ত পরীক্ষার (ডোপ টেস্ট) রিপোর্টও যোগদানের সময় দাখিল করতে হবে। ডোপ টেষ্ট রিপোর্ট-এ মাদকাসক্ত প্রমানিত হলে তার/তাদের যোগদানপত্র গৃহীত হবে না এবং তার/তাদের নিয়োগাদেশ বাতিল বলে গন্য হবে।

(ঙ) উপরোক্ত ০৪ জনের মধ্যে ০১ জন (ক্রমিক নং-৪) এর পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন হয়েছে এবং রিপোর্ট সন্তোষজনক পাওয়া গিয়েছে। অবশিষ্ট ০৩ জন (ক্রমিক নং-১, ২ ও ৩) এর চাকুরীতে নিয়োগ লাভের যোগ্যতা সম্পর্কিত প্রয়োজনীয় পুলিশ ভেরিফিকেশন চলমান রয়েছে। ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক পাওয়া না গেলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে তাদের নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

(চ) নিয়োগ প্রাপ্ত প্রত্যেকে ০১ (এক) বৎসরের জন্য শিক্ষানবীশ হিসেবে কর্মরত থাকবেন। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট ও সংশ্লিষ্ট দপ্তর প্রধান কর্তৃক সন্তোষজনক কার্য সম্পাদন প্রতিবেদন এবং অন্যান্য শর্ত প্রতিপালন সাপেক্ষে শিক্ষানবীশকাল সম্পন্ন করার পর স্ব-স্ব যোগদানের তারিখ হতে চাকুরী স্থায়ীকরণের জন্য বিবেচিত হবেন। চাকুরী স্থায়ীকরণ না হওয়া পর্যন্ত বাৎসরিক বেতন বৃদ্ধি হবে না।

(ছ) নিয়োগ প্রাপ্ত প্রার্থীর নাম মেধাভিত্তিক জ্যেষ্ঠতার ক্রমিক অনুসারে প্রদত্ত হলো। নিয়োগ আদেশ জারীর তারিখ হতে ২১ (একুশ) দিনের মধ্যে চাকুরীতে যোগদান করলে মেধাভিত্তিক জ্যেষ্ঠতা বলবৎ থাকবে। উক্ত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে নিয়োগাদেশ জারীর তারিখ হতে সর্বোচ্চ ৩০(ত্রিশ) দিনের মধ্যে যোগদান করতে পারবেন। তবে সে ক্ষেত্রে যোগদানের তারিখ হতে জ্যেষ্ঠতা নির্ধারিত হবে। নিয়োগাদেশ জারীর উল্লিখিত ৩০ (ত্রিশ) দিনের মধ্যে যোগদানে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(জ) নিয়োগ প্রাপ্তগণ তাদের নামের পার্শ্বে বর্ণিত দপ্তরে যোগদান পত্র দাখিল করবেন। চাকুরীতে যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা বা অন্য কোন প্রকার আর্থিক সুবিধা প্রদান করা হবে না।

(ঝ) অন্য কোন সংস্থায় চাকুরীরত প্রার্থীর অত্র সংস্থায় যোগদানের পূর্বে কর্মরত সংস্থা হতে ছাড়পত্র গ্রহণ করা বাধ্যতামূলক। যোগদান পত্রের সাথে অবশ্যই উক্ত ছাড়পত্র দাখিল করবেন।

(ঞ) শিক্ষানবীশ সময়ে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকলে অনুপস্থিতির দিন হতে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে চাকুরীচ্যুত হিসেবে গণ্য করা হবে এবং পদটি শূন্য বলে বিবেচিত হবে।

০৩। বাপাউবোর মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ নিয়োগাদেশ জারী করা হলো।

২৮/০৫/১৯

**(মোঃ মাহবুর রহমান)**
পরিচালক (অঃদাঃ)
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.৩০.১১.০০৩.২০১৮-৭৮০/১(১৫০)

তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ ১৪২৬বঃ / ২৮-০৫-২০১৯ খ্রীঃ

**<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>**

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় (মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**<u>অনুলিপি সদয় অবগতি/ অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>**

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ প্রধান/নিয়ন্ত্রক, .. .. .. .. .. .. ... .. .. .. .. .বাপাউবো, .. .. .. .. ......... ..।
২। সচিব, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/পরিচালক/অধ্যক্ষ, .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. বাপাউবো, ...... ..... ..।
৪। নির্বাহী প্রকৌশলী/ উপ-পরিচালক... .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. . বাপাউবো, .. .. .. .. .. .. ........... ..।
৫। মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, চীফ মনিটরিং-এর দপ্তর, বাপাউবো, ঢাকা **(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**

৭। উপ-পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা, .. .. .. .. .. .. .. .. .. ..  আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, .. .. . .. .. .. .. ........।

৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/অর্থ), বাপাউবো, ঢাকা।

৯। মাস্টার কপি/নথির কপি।

১০। রেজিষ্টার্ড উইথ এডি টু, জনাব .. .. .. .. .. .... .. .. .. .. .. .. .. .. ........... .।

২৮/০৫/২৩

**(মোঃ মতিউর রহমান)**
নির্বাহী প্রকৌশলী (নিঃও পঃ) (চঃদাঃ)
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।